

ধিকি ধিকি লিরিক্সঃ-

নদীর পারে উনান জ্বালি,  
তাহাতে দিই ফুলের ডালি।  
রাঁধেন বাঁধেন, নাউএর সারেন।  
পরাণ খানা চাঁদের ফালি।  
রাঁধেন বাঁধেন, নাউএর সারেন,  
রাঁধেন বাঁধেন, নাউএর সারেন।  
পরাণ খানা চাঁদের ফালি।

ধিকি ধিকি তারার দাফন,  
সারা রাতি জাগা।  
পিয়র আশে খুলেছি চোখ,  
চোখ খাইল কাগা।

ধিকি ধিকি তারার দাফন,  
সারা রাতি জাগা।  
পিয়র আশে খুলেছি চোখ,  
চোখ খাইল কাগা।

সাজাই দিমু এক থালি জুঁই,  
সঙ্গে সাজাই আমার ললাট।  
সাজাই দিমু এক থালি জুঁই,  
সঙ্গে সাজাই আমার ললাট।

বিছায় দিই শীতল পাটি,  
বিছায় দিই শীতল পাটি,  
তার নিচে মোর ঘরের মাটি।  
ধিকি ধিকি তারার দাফন,  
সারা রাতি জাগা।  
পিয়র আশে খুলেছি চোখ,  
চোখ খাইল কাগা।

ধিকি ধিকি তারার দাফন,  
সারা রাতি জাগা।  
পিয়র আশে খুলেছি চোখ,  
চোখ খাইল কাগা।